



অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

অস্থায়ী কার্যালয় : পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।

একচেঞ্জ ৫৫০৬০০০০ সম্প্র ৫০৫৪ মোবাইল নং-০১৭৬৯৯৯৫০৫৪

www.aaub.edu.bd,

এএইউবি/রেজিস্ট্রার-১৬৩/২০২৬/ পাঠ ফাইল/

তারিখঃ ১০ আষাঢ় ১৪৩৩
২৪ জুন ২০২৬

সরবরাহকারী তালিকাভুক্তিকরণ/নবায়নের বিজ্ঞপ্তি

১। অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (এএইউবি) এ নিম্নলিখিত ক্যাটাগরির মালামাল সরবরাহের নিমিত্তে ২০২৬-২০২৭ অর্থ বছর এবং পরবর্তী প্রতি বছর নবায়নযোগ্য সরবরাহকারী হিসেবে শ্রেণীভিত্তিক তালিকাভুক্তির জন্য প্রকৃত মালামাল সরবরাহকারী/উৎপাদনকারী/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ	ক্যাটাগরি	ক্রঃ	ক্যাটাগরি
১.	মোটরগাড়ি, গাড়ির যন্ত্রাংশ সরবরাহ ও মেরামত	৭.	ফার্ণিচার সরবরাহ ও মেরামত
২.	কম্পিউটার, কম্পিউটার সরঞ্জামাদি সরবরাহ ও মেরামত	৮.	অফিস স্টেশনারী, ক্রোকরিজ ও কার্টলারিজ সরবরাহ
৩.	বৈদ্যুতিক সরঞ্জামাদি সরবরাহ ও মেরামত	৯.	অফিস ভবন মেরামত ও সংরক্ষণ/ রক্ষণাবেক্ষণ
৪.	ইন্টারনেট সেবা/ টেলিফোন/ফ্যাক্স	১০.	সাধারণ ও অন্যান্য
৫.	অফিস সরঞ্জামাদি সরবরাহ ও মেরামত	১১.	মেডিকেল ইকুইপমেন্ট ও মেডিসিন সরবরাহ
৬.	বই সরবরাহ, প্রিন্টিং, বাইন্ডিং ও আইডি কার্ড তৈরিকরণ	১২.	ল্যাব সামগ্রী সরবরাহ ও মেরামত

২। আগ্রহী সরবরাহকারী/উৎপাদনকারী/ব্যবসায়ী প্রতিষ্ঠানকে এএইউবি এর প্রকিউরমেন্ট শাখা হতে ৫০০.০০(পাঁচশত টাকা) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) প্রদান পূর্বক শ্রেণীভিত্তিক তালিকাভুক্তি আবেদন ফরম সংগ্রহ করে তা যথাযথভাবে পূরন পূর্বক সকল প্রয়োজনীয় দলিলাদি সংযুক্ত করতঃ পূরনকৃত আবেদন ফরম অত্র অফিসে ১৬ জুলাই ২০২৬ এর মধ্যে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে। আবেদনের শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.aaub.edu.bd) ও প্রকিউরমেন্ট শাখা হতে সংগ্রহ করা যাবে।

রেজিস্ট্রার

অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ



অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

পুরাতন বিমানবন্দর, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২১৫।

একচেঞ্জ ৫৫০৬০০০০ সম্প্র ৫০৫৪ মোবাইল নং-০১৭৬৯৯৯৫০৫৪

www.aaub.edu, www.registrar@aaub.edu.bd

সরবরাহকারী তালিকাভুক্তি/নবায়ন

আবেদনের শর্তাবলিঃ

১। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে নিজস্ব প্যাডে “রেজিস্ট্রার, অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ” বরাবর তালিকাভুক্তির জন্য আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ

ক। সরবরাহকারী ও প্রতিনিধির পাসপোর্ট সাইজের সদ্য তোলা ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

খ। হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি।

গ। হালনাগাদ ভ্যাট নিবন্ধন সনদের সত্যায়িত কপি।

ঘ। প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ। হালনাগাদ ব্যাংক সলভেন্সি সনদপত্র।

চ। হালনাগাদ আয়কর প্রদানের সনদের সত্যায়িত কপি।

ছ। পূরণকৃত তালিকাভুক্তি ফরম।

জ। e-GP তে নিবন্ধনের প্রমাণক/সনদের সত্যায়িত কপি (যদি থাকে)।

০২। PPR-২০২৫ বিধি ৬৮ (৩) (খ) মোতাবেক আগ্রহী প্রতিষ্ঠান সমূহকে “রেজিস্ট্রার, অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ” এর অনুকূলে তালিকাভুক্তির জন্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা প্রদান করতে হবে। তালিকাভুক্তির জন্য টাকা ৫,০০০.০০ (টাকা পাঁচ হাজার মাত্র) ও একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হইলে টাকা ৩,০০০.০০ (টাকা তিন হাজার মাত্র) এর অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং প্রয়োজনীয় কাগজ আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৩। ২০২৫-২০২৬ অর্থ বছরে বিশ্ববিদ্যালয়ে তালিকাভুক্ত সরবরাহকারীদেরকে তালিকা নবায়নের জন্য টাকা ২,০০০.০০ (টাকা দুই হাজার মাত্র) ও একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হইলে টাকা ১,৫০০.০০ (টাকা এক হাজার পাঁচশত মাত্র) এর অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (“রেজিস্ট্রার, অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ” এর অনুকূলে) এবং নতুনভাবে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আবেদনপত্র দাখিল করতে হবে। বিজ্ঞপ্তিতে বর্ণিত প্রতিটি ক্যাটাগরির জন্য পৃথক পৃথকভাবে তালিকাভুক্তির আবেদন করতে হবে এবং সকল ক্ষেত্রেই ব্যাংক ড্রাফটসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে। তবে তালিকাভুক্তি/নবায়নের জন্য অগ্রহণযোগ্য প্রতিষ্ঠানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরত প্রদান করা হবে।

৫। আবেদনকারীদের অযোগ্যতার কারণসমূহঃ

ক। যে সমস্ত প্রতিষ্ঠান/সরবরাহকারী, যে কোন সরকারী সংস্থা হতে সরবরাহকারী প্রতিষ্ঠান অথবা ব্যক্তি হিসেবে ইতোপূর্বে বহিষ্কৃত অথবা যাদের আবেদন ইতোপূর্বে প্রত্যাখান হয়েছে।

খ। যে সমস্ত প্রতিষ্ঠান/সরবরাহকারী, যে কোন সরকারী সংস্থা হতে সরবরাহকারী প্রতিষ্ঠান অথবা ব্যক্তি হিসেবে ইতোপূর্বে কোনো তালিকাভুক্ত করা হয়েছে।

গ। অন্য প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে বা আত্মীয় স্বজনদের নামে আবেদন বা ব্যবসা পরিচালনা করতে আগ্রহী প্রতিষ্ঠানসমূহ।

৬। আবেদন ফরম টাকা ৫০০.০০ এর (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (“রেজিস্ট্রার, অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ” এর অনুকূলে) এর বিনিময়ে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রকিউরমেন্ট সেকশন হতে সংগ্রহ করা যাবে।

৭। আগামী ১৬ জুলাই ২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদনপত্র রেজিস্ট্রার দপ্তরে পৌঁছাতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এএইউবি কর্তৃপক্ষ যে কোন বা সকল আবেদনপত্র গ্রহণ/প্রত্যাখ্যানের অধিকার সংরক্ষণ করেন।

Jam .

Shafe

রেজিস্ট্রার

অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ